

ইতিহাস - দশম শ্রেণি, চতুর্থ অধ্যায়

১) জমিদার সভা কোন সময়, কী উদ্দেশ্যে গড়ে উঠেছিল ?

উত্তর: জমিদার সভা ১৮৩৮ খ্রিস্টাব্দে মূলত জমিদারদের স্বার্থ রক্ষা ও জমিজমা সংক্রান্ত বিষয় গুলি আলোচনার জন্য গড়ে উঠেছিল।

২) অবনীন্দ্রনাথ ঠাকুরের ভারতমাতা চিত্রের তাৎপর্য বিশ্লেষণ কর।

উত্তর: ১৯শতকে সাহিত্যের মতই শিল্পকলার মাধ্যমে ভারতীয় জাতীয়তাবাদের প্রসার ঘটে। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হল অবনীন্দ্রনাথ ঠাকুরের আঁকা ভারতমাতা চিত্রটি। ১৯০৫ খ্রিস্টাব্দের বঙ্গভঙ্গ বিরোধী স্বদেশী আন্দোলনের সময় তিনি এই ছবিটি আঁকেন। নবজাগ্রত ভারতীয় জাতীয়তাবাদ এবং স্বদেশী আন্দোলন ছিল ভারতমাতা চিত্রটি আঁকার অনুপ্রেরণা। শিল্পী হিন্দুদের ধন সম্পদের দেবতা লক্ষ্মীর অনুকরণে চতুর্ভুজা ভারতমাতা চিত্রটি আঁকেন। গেরুয়া বসন পরিহিতা ভারতমাতার চার হাতে রয়েছে বেদ, ধানের শীষ, শ্বেত বস্ত্র ও রুদ্রাক্ষের মালা। ...

ইতিহাস, দশম - শ্রেণি, চতুর্থ অধ্যায়

১। হিন্দুমেলা কী উদ্দেশ্য নিয়ে গড়ে উঠেছিল? এর সীমাবদ্ধতাগুলি কী ছিল ?

উত্তর: ১৮৬৭ খ্রিস্টাব্দে নবগোপাল মিত্র কলকাতায় হিন্দুমেলা প্রতিষ্ঠা করেন। হিন্দুমেলার উদ্দেশ্য ছিল :

(ক) হিন্দুমেলার প্রধান উদ্দেশ্য হিন্দুধর্মের অতীত গৌরবগাথা প্রচার করা।

(খ) দেশীয় ভাষা চর্চা এবং জাতীয় প্রতীকগুলিকে মর্যাদা দেওয়া।

(গ) জাতীয়তাবাদের প্রসার ঘটানো।

হিন্দুমেলার সীমাবদ্ধতা:

(ক) হিন্দুমেলা রাজনৈতিক কর্মকাণ্ডের উপর বিশেষ গুরুত্ব না দেওয়া।

(খ) নতুন প্রজন্ম উৎসাহ দেখায় নি।

(গ) গ্রামাঞ্চলে এর প্রসার ঘটে নি।

এইসব সীমাবদ্ধতার জন্য হিন্দুমেলা খুব বেশি জনপ্রিয়তা অর্জন করতে পারে নি।

২। জাতীয়তাবাদের বিকাশে গোরা উপন্যাসের ভূমিকা কী ছিল ?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস হল গোরা। এই উপন্যাসের মাধ্যমে তিনি ব্রিটিশ বিরোধিতা ও স্বদেশপ্রেমের আদর্শ প্রচার করেছেন। এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র গোরার মাধ্যমে তিনি প্রমাণ করিয়েছেন যে জাতীয়তাবাদ সমস্ত ভেদাভেদের উর্ধ্বে। সমস্ত বন্ধন থেকে মুক্ত হয়ে গোরা যখন

বলে "আজ আমি ভারতবর্ষীয়। --- এই ভারতবর্ষের সকল জাতই আমার জাত, সকলের অন্নই আমার অন্ন।  
" তখনই প্রকৃত জাতীয় চেতনার প্রসার ঘটে। সংকীর্ণতাকে বিসর্জন দিয়ে ব্রিটিশ বিরোধী মনোভাব জাগ্রত  
করতে গোরা উপন্যাস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। এই উপন্যাসের দ্বারা স্বদেশবাসীর আত্মচেতনা  
ও আত্মশক্তি জাগ্রত হয়। এর ফলে ভারতের জাতীয় আন্দোলন পরিপুষ্ট হয়।